

“ মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
<http://www.pppbd.org>



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.২৪.০৬১.১৮-১৪৭৫

তারিখঃ ০১/০২/২০২২ খ্রিঃ

বিষয়ঃ পল্লী প্রগতি কর্মসূচির ৩০ জুন/২০১০ এর পূর্বের বিতরণকৃত ঋণের অতিরিক্ত সেবামূল্য মওকুফ সুবিধা গ্রহণ।

সূত্রঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের স্মারক নং-৫৬৩; তারিখঃ ১৯/০১/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বিআরডিবি'র আওতায় পরিচালিত বিভিন্ন কর্মসূচির ৩০ জুন/২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা-২০২১” ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। নীতিমালা মোতাবেক সেবামূল্য মওকুফ সুবিধা ০১/০২/২০২২ খ্রিঃ হতে কার্যকর হয়ে ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। আপনার জেলাধীন উপজেলায় পল্লী প্রগতি কর্মসূচির দীর্ঘ দিনের খেলাপী ঋণের সিংহভাগই ৩০ জুন/২০১০ খ্রিঃ তারিখের পূর্বের। সুতরাং প্রদত্ত নীতিমালা অনুযায়ী আসল এবং এক বছরের সেবামূল্য আদায়পূর্বক অবশিষ্ট সমুদয় সেবামূল্য মওকুফের ব্যবস্থা গ্রহণ করা অত্যন্ত আবশ্যিক। এতে আপনার জেলাধীন উপজেলাসমূহ খেলাপী ঋণের দায়মুক্ত হবে, বিতরণযোগ্য ঋণ তহবিল বৃদ্ধি পাবে এবং ঋণ কার্যক্রমে গতিশীলতা ফিরে আসবে।

এমতাবস্থায়, প্রদত্ত নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে পল্লী প্রগতি কর্মসূচির ৩০ জুন/২০১০ খ্রিঃ তারিখের পূর্বের খেলাপী আসল এবং এক বছরের সেবামূল্য গ্রহণপূর্বক অবশিষ্ট সেবামূল্য মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী।


০১/০২/২০২২

মোঃ আলাউদ্দিন সরকার
কর্মসূচি পরিচালক
পল্লী প্রগতি কর্মসূচি
বিআরডিবি, ঢাকা।

উপপরিচালক (সকল)

বিআরডিবি

..... জেলা।

বিতরণঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, পল্লী প্রগতি কর্মসূচি, বিআরডিবি(পত্রটি কর্মসূচির ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। অফিস কপি।